# এইচ এস সি পরীক্ষা 2016 এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ | ৬ | ৭**

**সময়: ২ ঘন্টা ১০ মিনিট** | **পূর্ণমান: ৬০**

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

**১.▶** সাত্তার সাহেব একদিন টিভিতে প্রামাণ্যচিত্র দেখছিলেন। তিনি দেখলেন প্রাচীন সভ্যতার বিভিন্ন দিক বর্ণনা করছে। প্রাচীনকালে এই সভ্যতার লোকেরা বায়দা ও বাকিয়া নামে পরিচিত ছিল। পরবর্তীতে তারা আবিয়া ও মুস্তারিবা নামে খ্যাতি লাভ করে এবং যারা অবস্থান অনুসারে উত্তর ও দক্ষিণ এ দুই ভাগে বিভক্ত।

ক. মিশরীয় সভ্যতার সূচনা হয় কখন? ১

খ. সভ্যতা বলতে কী বুঝ? ২

গ. সাত্তার সাহেবের দেখা প্রামাণ্যচিত্রটি প্রাচীন সভ্যতার কোন শাসনব্যবস্থার সাথে সমাঞ্জস্যপূর্ণ? বর্ণনা দাও। ৩

ঘ. সাত্তার সাহেবের দেখা প্রামাণ্যচিত্রে যে সভ্যতার শাসনব্যবস্থা চিত্রিত হয়েছে, জ্ঞান-বিজ্ঞানে তাদের অবদান নিরূপণ কর। ৪

**২.▶** ৪ঠা ডিসেম্বর ২০১১ সাল বাঙালি জাতির জীবনে একটি কলঙ্কময় দিন। কারণ এই দিনে নরসিংদী সরকারি কলেজের মেধাবী শিক্ষার্থী হাওয়া আক্তার জুঁই এর হাতের চারটি আঙ্গুল কেটে নেয় তার পাষণ্ড স্বামী। তার অপরাধ সে কলেজে ভর্তি হয়েছিল এবং পড়ালেখা চালিয়ে যেতে চেয়েছিল। জুঁই এর মত বাংলাদেশের অসংখ্য নারী নিষ্ঠুর নির্মম নির্যাতনে পিষ্ট হয়ে যন্ত্রনায় কাঁপছে।

ক. আইয়্যামে জাহেলিয়া শব্দের অর্থ কী? ১

খ. জাজিরাতুল আরব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি ইসলামপূর্ব আরবের কোন অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত যুগে অনাচার ও অবিচার স্বাভাবিক ঘটনা — মতামত দাও। ৪

**৩.▶** শরীফ একজন সৎ লোক। তিনি একটি ব্যাংকে চাকরি নিয়েছিলেন। কিন্তু বেশিদিন টিকতে পারেননি। তিনি বর্তমানে একটি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যাপনা করেন। তিনি বলেন, "ব্যাংক সুদভিত্তিক ব্যবসা পরিচালনা করে। তাছাড়া সেখানকার পরিবেশ ভালো নয়। সেখানে সৎ মানুষের টিকে থাকা খুবই কঠিন"।

ক. মদীনা সনদ কখন প্রণীত হয়? ১

খ. হুদায়বিয়ার সন্ধি ব্যাখ্যা কর। ২

গ. "শরীফ সাহেব প্রতিকূল অবস্থার কারণে চাকরি পরিবর্তন করেছেন" বিষয়টি নবী-জীবনের কোন ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ। বর্ণনা দাও। ৩

ঘ. শরীফ সাহেব কী প্রথম চাকরি বহাল রেখে তাঁর অভীষ্ট লক্ষ্যে পৌছাতে পারতেন। নবীজির কার্যপ্রণালি ব্যাখ্যা করে প্রমাণ কর। ৪

http://teachingbd.com

৪.▶ হাসান ইসলামের ইতিহাস পাঠে কয়েকজন ব্যক্তির নাম চিহ্নিত করেন। তারা হলেন আসাদ-আনসি, মুসায়লামা, তোলায়হা ও সাজাহ। শেষে হাসান মন্তব্য করেন যে তাদের বিরুদ্ধে ইসলামের প্রথম খলিফা বলিষ্ঠ প্রদক্ষেপ গ্রহণ করেন'।

ক. খলিফা শব্দের অর্থ কী? ১

খ. ভণ্ড নবী বলতে কী বোঝায়? ২

গ. ইসলামের ইতিহাসে হাসানের উল্লিখিত ব্যক্তিবর্গের অবস্থান নিরূপণ কর।৩

ঘ. উক্ত ব্যক্তিবর্গের সাথে হাসানের মন্তব্যেও যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫.▶ একজন লোক অনেক সৎ এবং নীতিবান থাকলেও পরিবারের সদস্য কিংবা নিকটাত্মীয়দের কার্যকলাপের দরুন সমালোচিত ও বিপদগ্রস্ত হয়ে যেতে পারেন। এর প্রকৃতি উদাহরণ হযরত ওসমান (রা:)।

ক. হযরত ওসমান (রা:) কত বছর খেলাফতের দায়িত্বে ছিলেন? ১

খ. খলিফা হিসেবে হযরত ওসমান (রা:) নির্বাচন ব্যাখ্যা কর। ২

গ. হযরত ওসমান (রা:) কোন কোন আত্মীয়ের কারণে সমালোচিত হয়েছিলেন। তা ব্যাখ্যা কর। ৩

ঘ. হযরত ওসমান (রা:) সমালোচিত ও বিপদগ্রস্ত হওয়ার কারণ আরো আছে। — বিশ্লেষণ কর। ৪

৬.▶ বরকত সাহেবকে ক্ষমতায় অধিষ্ঠিত হয়েই সংকটময় রাজনৈতিক পরিস্থিতির মোকাবেলা করতে হয়েছে। তার শাসনামলের তিনটি মূল বৈশিষ্ট্য ছিল। তিনি দৃঢ়হস্তে বিভিন্ন বিদ্রোহ দমন করেন। তিনি আরবি ভাষাকে রাষ্ট্রীয় ভাষার মর্যাদাদান করেন। আরবি লিপির উৎকর্ষ সাধন, আরবি মুদ্রা প্রচলন এবং ডাক বিভাগের সংস্কার তার শাসনামলের অন্যতম উল্লেখযোগ্য দিক।

ক. মুয়াবিয়া কখন মৃত্যুবরণ করেন? ১

খ. মুয়াবিয়া সচিবালয় প্রতিষ্ঠা করেন কেন? ২

গ. "বরকত সাহেবের শাসনকার্যের সাথে যে খলিফার শাসনের মিল রয়েছে তার শাসননীতি ও সংস্কারের বর্ণনা দাও। ৩

ঘ. "বরকত সাহেব-ই উমাইয়া বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা" — মতামত প্রদান কর।৪

৭.▶ লালারখিল শাসনকর্তা আনসারের মৃত্যুর পর তার পুত্র রিয়াদ সিংহাসনে বসেন। তিনি দশ বছর কৃতিত্বের সাথে শাসনকার্য পরিচালনা করে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পূর্বে রিয়াদ তাঁর দুই পুত্র স্বপ্নীল ও স্বর্ণীল কে পরপর শাসক হিসেবে উত্তরাধিকারী মনোনীত করেন। প্রথম পুত্র স্বপ্নীল এবং তার মৃত্যুর পর

http://teachingbd.com

স্বর্ণীল সিংহাসনে আরোহণ করেন। তবে স্বর্ণীল রাজত্বকালে একটি গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা করে। তিনি চরিত্র ও কৃতিত্ব, বৈদেশিক নীতি, অভ্যন্তরীণ নীতিতে ব্যাপক পরিবর্তন সাধন করে সফলতা অর্জন করেন।

ক. খলিফা হারুন তার রাজত্বকালে কতবার হজ পালন করেন? ১

খ. হারুনকে আব্বাসীয় বংশের শ্রেষ্ঠ শাসক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে শাসক স্বর্ণীলের সাথে পাঠ্যবইয়ের যে শাসকের মিল রয়েছে তার অভ্যন্তরীণ নীতির বর্ণনা দাও। ৩

ঘ. স্বর্ণীল এর কৃতিত্ব আব্বাসীয় একজন খলিফার কৃতিত্বের সমান — মতামত দাও। ৪

**৮.▶** সুমি তার দাদার কাছে ইসলামের ইতিহাসের এক আমিরের একটি নতুন খিলাফত প্রতিষ্ঠার গল্প শুনছিলেন। এ আমিরের বংশের লোকদের যখন গণহারে হত্যা করা হয় তখন তিনি প্রাণে বেঁচে যান। একাধিক যুদ্ধে জয়লাভ করেও তিনি একটি রাজ্যের অধিপতি হন। সকল বাধা বিপত্তি দূর করে তিনি "ক" নামক স্থানে স্বীয় বংশের শাসন প্রতিষ্ঠা করেন এবং নতুন রাষ্ট্রের রাজধানী "খ" কে একটি জমকালো শহরে রূপ দেন। তিনি ৩২ বছর রাজত্ব করেন।

ক. আদ-দাখিল বলা হয় কাকে? ১

খ. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন ব্যাখ্যা কর। ২

গ. সুমির দাদার গল্পের সাথে তোমার পঠিত স্পেনে উমাইয়া শাসনামলের কোন আমিরের সাদৃশ্য লক্ষ করা যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর তোমার পঠিত উক্ত আমীর-ই স্পেনে উমাইয়া আমিরাতের প্রকৃত প্রতিষ্ঠাতা, ব্যাখ্যা কর। ৪

**৯.▶** ছিদ্দিকুর রহমান মিয়াজীর মৃত্যুর পর তার পুত্র আজিজুর রহমান মিয়াজী এলাকার জনগণের সার্বিক উন্নয়নে যথেষ্ট অবদান রেখেছেন। এ কারণে এলাকায় তার ব্যাপক সুনামও রয়েছে। তিনি এলাকায় ঘুরে ঘুরে জনগণের অবস্থা দেখতেন এবং শান্তি প্রতিষ্ঠার জন্য সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করতেন।

ক. কে আল-মুইজ-লি-দ্বীন আল্লাহ উপাধি গ্রহণ করেন? ১

খ. আল-মুইজকে শ্রেষ্ঠ ফাতেমীয় খলিফা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে আজিজুর রহমান মিয়াজীর অবদানের সাথে ইতিহাসের যে নৃপতির মিল রয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত নৃপতি যেসব কারণে মিশর বিজয় করেন তার বর্ণনা দাও। ৪

Teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময় : ৪০ মিনিট — পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. "জাজিরাতুল আরব" অর্থ কি?
ক) আরব দ্বীপ — খ) আরব মরুভূমি
গ) আরব সাগর — ঘ) আরব উপদ্বীপ

২. কার নামানুসারে আরব দেশকে সেমেটিক নামে অভিহিত করা হয়?
ক) সিয়াম — খ) সামিট
গ) শাকুর — ঘ) সাম

৩. উটের পর আরবদের দৈনন্দিন জীবনে কার স্থান?
ক) অশ্ব — খ) হস্তী
গ) দুম্বা — ঘ) ছাগল

৪. কিউনিফর্ম কী?
ক) সুমেরীয় লিখন পদ্ধতি
খ) মিশরীয় লিখন পদ্ধতি
গ) আসেরীয় লিখন পদ্ধতি
ঘ) চৈনিক লিখন পদ্ধতি

৫. গ্রীক মহাকবি কে?
ক) হোমার — খ) সক্রেটিস
গ) প্লেটো — ঘ) এরিস্টটল

৬. আইয়াম শব্দের অর্থ কী?
ক) সময় — খ) তমসা
গ) বর্বরতা — ঘ) অজ্ঞতা

**নিচের অনুচ্ছেদটি পড়ো ৭ এবং ৮ নং প্রশ্নগুলোর উত্তর দাও।**
লন্ডন অলিম্পিক ২০১২ এর উদ্বোধনী অনুষ্ঠানের দায়িত্ব অর্পিত হয়েছিল স্লামডগ মিলিয়নিয়ার খ্যাত ড্যানি বয়েলের উপর। জাঁকজমকপূর্ণ এ অনুষ্ঠানটি দেখে স্বপ্নিলের প্রাচীন একটি সভ্যতার কথা মনে পড়ে যায়।

৭. স্বপ্নিলের কোন সভ্যতার কথা মনে পড়ল?
ক) মিশরীয় — খ) হিব্রু
গ) গ্রীক — ঘ) রোমান

৮. এ ধরনের আয়োজনে বিভিন্ন দেশের মধ্যে গড়ে উঠতে পারে-
i. জাতীয় ঐক্য রক্ষা
ii. সাংস্কৃতিক ভাব বিনিময়
iii. রাজনৈতিক সমঝোতা।
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii — খ) ii ও iii
গ) i ও iii — ঘ) i, ii ও iii

৯. মালার প্রধান কাজ কি?
১. মক্কার প্রশাসন তদারক করা ২. উকাজ মেলা পরিচালনা করা ৩. গোত্রের মধ্যে ভারসাম্য রক্ষা করা ৪. মক্কার নিরাপত্তা বিধান করা।
নিচের কোনটি সঠিক?
ক) ১ ও ২ — খ) ৩ ও ৪
গ) ১ ও ৩ — ঘ) ১, ২ ও ৩

১০. "কুরাইশ" শব্দের অর্থ কী?
ক) বাণিজ্য কাফেলা — খ) কৃষিজীবী
গ) খেজুর ব্যবসায়ী — ঘ) সওদাগর

১১. কত খ্রিষ্টাব্দে মক্কা বিজয় হয়?
ক) ৬৩০ খ্রিষ্টাব্দে — খ) ৬৩১ খ্রিষ্টাব্দে
গ) ৬৩২ খ্রিষ্টাব্দে — ঘ) ৬২৩ খ্রিষ্টাব্দে

১২. হিজরতের সময় হযরত (স) এর বিছানায় শায়িত ছিলেন রাইয়ান সাহেব। এখানে রাইয়ান সাহেব কোন চরিত্রের নির্দেশ করছে?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত ওমর ফারুক(রা)
গ) হযরত ওসমান (রা)
ঘ) হযরত আলী (রা)

১৩. উহুদের যুদ্ধে মুসলমানদের সামরিক পরাজয়ের বাহ্যিক কারণ কোনটি?
ক) মুসলমানদের অতিরিক্ত আত্মবিশ্বাস
খ) কাফিরদের নতুন করে সৈন্য আনায়
গ) মুসলমানদের নেতার আদেশ অমান্য করা
ঘ) খালিদের যুদ্ধ কৌশল

১৪. "আতিক" উপাধি দেয়া হয়েছিল কাকে?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত ওমর ফারুক (রা)
গ) হযরত ওসমান (রা)
ঘ) হযরত আলী (রা)

১৫. হিজরী সনের প্রবর্তন করেন কে?
ক) হযরত মুহাম্মদ (সা:)
খ) হযরত ওমর ফারুক (রা)
গ) হযরত ওসমান (রা)
ঘ) হযরত মুয়াবিয়া (রা)

**নিচের অনুচ্ছেদটি পড়ো ১৬ এবং ১৭ নং প্রশ্নগুলোর উত্তর দাও।**
একজন খলিফা আরবদের মধ্যে সর্বপ্রথম "ক" ও "খ" এর তৈরী মুদ্রা প্রচলন করেন। তিনি তার সাম্রাজ্যকে আরবীয়করণ করেন।

১৬. উদ্দীপকের খলিফার সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?
ক) আব্দুল মালিক — খ) হিশাম
গ) ওয়ালিদ — ঘ) মুয়াবিয়া

১৭. অনুচ্ছেদে "ক" ও "খ" নিচের কোনটিকে নির্দেশ করে?
i. স্বর্ণ — ii. ব্রোঞ্জ
iii. রৌপ্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii — খ) i ও iii
গ) ii ও iii — ঘ) i, ii ও iii

১৮. উমাইয়া খিলাফত পতনের মূলে কোন সম্প্রদায় দায়ী?
ক) সুন্নি সম্প্রদায় — খ) খারেজী সম্প্রদায়
গ) শিয়া সম্প্রদায় — ঘ) কাদেরীয়া সম্প্রদায়

teachingbd.com

১৯. খলিফা ওয়ালিদ কত খ্রিঃ দামেস্কের সিংহাসনে আরোহণ করেন?
ক) ৭৯৫ খ্রিষ্টাব্দে খ) ৬৯৯ খ্রিষ্টাব্দে
গ) ৭০৫ খ্রিষ্টাব্দে ঘ) ৭০১ খ্রিষ্টাব্দে

২০. মজলিস-উস-সূরা বন্ধ করে দেয়া হয় কারণ?
i. স্বৈরতন্ত্রবিরোধী ছিল
ii. গণতন্ত্রবিরোধী ছিল
iii. একনায়কতন্ত্রবিরোধী ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২১. আল আব্বাস হযরত (স) এর কে ছিলেন?
ক) চাচা খ) মামা
গ) দাদা ঘ) নানা

নিচের অনুচ্ছেদটি পড়ো ২২ এবং ২৩ নং প্রশ্নগুলোর উত্তর দাও।
করতোয়া নদীর তীরে গড়ে ওঠা বাগদাদ নগরী প্রতিষ্ঠায় ও সুদৃঢ়করণে মুসায়লামা ও ইদ্রিসের ভূমিকা রয়েছে। এটি সমসাময়িক বিশ্বের সর্বশ্রেষ্ঠ নগরীতে পরিণত হয়।

২২. উদ্দীপকে কোন নদীর কথা ইঙ্গিত রয়েছে—
ক) টাইগ্রীস খ) ইউফ্রেটিস
গ) গজলা কোরায়াত ঘ) টাইবার

২৩. মুসায়লামা ও ইদ্রিসের নিচের কোন চরিত্রকে নির্দেশ করছে?
ক) আবুল আব্বাস খ) আল মনসুর গ) হারুন-অর-রশিদ
নিচের কোনটি সঠিক?
ক) ১ ও ২ খ) ১ ও ৩
গ) ২ ও ৩ ঘ) ১, ২ ও ৩

২৪. বিদ্রোহ দমনের জন্য আল-মনসুর কী গঠন করেন?
ক) সেনাবাহিনী খ) বিমান বাহিনী
গ) নৌ-বাহিনী ঘ) গুপ্তচর বাহিনী

২৫. আল মুতাসিম কোথায় রাজধানী স্থানান্তর করেন?
ক) কুফা খ) বসরা
গ) সামাররা ঘ) মার্ভ

২৬. কিতাব-উল-তাজমী কার রচনা?
ক) তাবির ইবনে আইয়্যান খ) আল কাজভিনী
গ) আল দামিরী ঘ) আল হামদী

২৭. খলিফা মুতাওয়াক্কিলকে আরবদের নীরো বলা হয় কেন?
ক) উদারতার জন্য খ) দানশীলতার জন্য
গ) নিষ্ঠুরতার জন্য ঘ) ন্যায়পরায়নতার জন্য

২৮. দশম শতাব্দীতে ইউরোপের ক্রুসেডের অন্যতম কারণ কী?
ক) রাজনৈতিক অস্থিতিশীলতা
খ) অর্থনৈতিক দুর্দশা
গ) ধর্মান্ধতা ঘ) সামাজিক বৈষম্য

২৯. আব্বাসীয় আমলে জল্লাদ ও পোস্টমাস্টারের পদ সৃষ্টির যথার্থ কারণ হলো—
ক) ইরানী প্রভাব খ) আরবীয় প্রভাব
গ) রোমান প্রভাব ঘ) গ্রীস প্রভাব

৩০. স্পেনে মুসলিম আধিপত্য প্রতিষ্ঠা হয় কত সালে?
ক) ৭০১ খ্রিষ্টাব্দে খ) ৭০৯ খ্রিষ্টাব্দে
গ) ৭১১ খ্রিষ্টাব্দে ঘ) ৭১৫ খ্রিষ্টাব্দে

নিচের অনুচ্ছেদটি পড়ো ৩১ এবং ৩২ নং প্রশ্নগুলোর উত্তর দাও।
তিনি ছিলেন স্পেনে প্রতিষ্ঠিত রাজবংশের প্রতিষ্ঠাতা। তাকে কুরাইশদের বাজপাখী বলা হয়—

৩১. উদ্দীপকের চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে কোনটি—
ক) ১ম আবদুর রহমান খ) ২য় আবদুর রহমান
গ) ৩য় আবদুর রহমান ঘ) ২য় হাকাম

৩২. উদ্দীপকের শেষ উক্তিটির যথার্থ কারণ হলো—
১) তার ছিল অব্যর্থ লক্ষ্য
২) তিনি ক্ষিপ্র ছিলেন ৩) তিনি হিংস্র ছিলেন
নিচের কোনটি সঠিক?
ক) ১ ও ২ খ) ১ ও ৩
গ) ২ ও ৩ ঘ) ১, ২ ও ৩

৩৩. ইউরোপীয় ভূখণ্ডে মুসলিম সার্বভৌমত্ব প্রতিষ্ঠিত হয় কিভাবে?
ক) স্পেন বিজয়ের ফলে
খ) টলেডো বিজয়ের ফলে
গ) ফ্রান্স বিজয়ের ফলে ঘ) লিও বিজয়ের ফলে

৩৪. খ্রিস্টানদের ধর্মান্ধ আন্দোলন করার কারণ হলো—
ক) খ্রিষ্টধর্ম প্রচার খ) ইহুদীদের বিতারণ
গ) মুসলমানদের বিতারণ ঘ) মুসলমানদের সঙ্গে ঐক্য স্থাপন

৩৫. ইতিহাসের সর্বশ্রেষ্ঠ বিজেতা হিসেবে পরিচিত কে?
ক) নেপোলিয়ন খ) সিজার
গ) আলেকজান্ডার ঘ) আল ওয়ালিদ

৩৬. মনির হোসেন ছিলেন সর্বশেষ আব্বাসীয় খলিফা। মনির চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে কোনটির—
ক) আল মুসতাসিম খ) আল মুতাওয়াক্কিল
গ) আল জাহির ঘ) কাদির

৩৭. আল মামুনের প্রকৃত নাম কী?
ক) ওবায়দুল্লাহ খ) ইব্রাহীম
গ) আবু জাফর ঘ) আব্দুল্লাহ

৩৮. ফাতেমীয়দের পর মিশরে কোন বংশ প্রতিষ্ঠিত হয়?
ক) আগলাবী খ) ইদ্রিসী
গ) আইয়ুবী ঘ) ইকসিদি

৩৯. বায়তুল হিকমাহ কোথায়?
ক) মিশরে খ) লিবিয়ায়
গ) লেবাননে ঘ) বাগদাদে

৪০. দারুল হিকমাহ কোথায়?
ক) মিশরে খ) তিউনিশিয়ায়
গ) উত্তর আফ্রিকায় ঘ) লেবাননে

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com